

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০।
www.bb.org.bd

ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট

এফআইডি সার্কুলার লেটার নং- ০১/২০২০

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭
২৭ সেপ্টেম্বর ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী,
কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কিম, ২০২০ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ২০ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত এফআইডি সার্কুলার নং-০১/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বর্ণিত সার্কুলারের ৯ নং অনুচ্ছেদটি নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলো:

‘কোন ব্যাংক কর্তৃক কোন একটি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে সর্বোচ্চ অর্থায়নের পরিমাণ হবে সংশ্লিষ্ট ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক বিগত তিন বছরের বিতরণকৃত গড় ঋণ/বিনিয়োগের ৩০% অথবা আলোচ্য পুনঃঅর্থায়ন স্কিমে মোট তহবিলের (৩,০০০ কোটি টাকা) ৫%, এর মধ্যে যা কম।’

৩। এছাড়া, এফআইডি সার্কুলার নং-০১/২০২০ এর অপরাপর শর্তাবলী অপরিবর্তিত থাকবে। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ০২-৯৫৩০৫৪৩

ইমেইলঃ anwar.islam@bb.org.bd